দৈনিক ইনকিলাব

তারিখ ... 26 JUN 2018 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৫ ...

শিশুদের ভীতিহীন শিক্ষার কোন বিকল্প নেই

স্কুলে সকল ধরনের শাস্তি ও নির্যাতন বন্ধ করতে হবে : বক্তাদের অভিমত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : শিশুদের মানসম্মত শিক্ষা নিশ্চিত করে ভীতিহীন শিক্ষার কোনো বিকল্প নেই। তাই স্কুলে শিশুদের প্রতি সব ধরনের শাস্তি ও নির্যাতন বন্ধে সার্বিক সচেতনতা সৃষ্টির পাশাপাশি সরকারের পক্ষ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহবান জানিয়েছেন বক্তারা।

গতকাল (সোমবার) বিকেলে বাংলাদেশ শিশু একাডেমী মিলনায়তনে 'ভীতিহীন পরিবেশে শেখো' শীর্ষক প্রচারাভিযান শেষে পুরস্কার বিতরণী ও সমাপনী অনুষ্ঠানে বক্তারা একথা বলেন।

বাংলাদেশ শিশু একাডেমী, প্রাথমিক-শিক্ষা অধিদপ্তর ও প্ল্যান বাংলাদেশের যৌথভাবে এই অনুষ্ঠানের আয়োজন করে। বাংলাদেশ শিশু একাডেমীর চেয়ারম্যান ও মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্ম সচিব আ.ই.ম গোলাম কিবরিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি ছিলেন বিশিষ্ট গণমাধ্যম ব্যক্তিত্ব আব্দুন নুর তুষার ও প্ল্যান বাংলাদেশের এডুকেশন প্রোগ্রাম এডভাইজার ইকবাল হোসেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন প্ল্যান বাংলাদেশের ডেপুটি কান্ট্রি ডাইরেক্টর মিস এলেনা আহমেদ। এবছর 'ভীতিহীন পরিবেশে শেখো' শীর্ষক প্রচারাভিযানের অংশ হিসেবে গোলটেবিল আলোচনা, প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের জন্য রচনা প্রতিযোগিতা এবং শিশুদের দ্বারা ভিডিও চিত্র তৈরির কার্যক্রম হাতে নেয়া হয়।

অনুষ্ঠানে দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত বিজয়ী ১০ জন শিশু এবং ১০ জন শিক্ষককে পুরস্কৃত করা হয়। তাছাড়া শিশুদের দ্বারা নির্মিত ৫টি সচেতনতামূলক ভিডিও চিত্র প্রদর্শন করা হয়।